গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫- ৪৪৬৮ তারিখঃ- ০৭ /০৭/২০২৫ খ্রি.।

বিষয়:- পোষা-পাখি লালন-পালন খামারের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসংগে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ১২, তারিখঃ- ২৫/০৩/২০২১ খ্রি.।
২। পজেশন সার্টিফিকেট নং- ১০, তারিখঃ- ২৭/০৬/২০২১ খ্রি.।
৩। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২৫-৭৫, তারিখঃ- ১৭/০৬/২০২৫ খ্রি.।
৪। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫-২৯২৩, তারিখঃ- ২০/০৮/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ অনুস্বরণ পূর্বক সূত্রোক্ত স্মারক দ্বয় মূলে আপনার নামে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়। সূত্রে উল্লেখিত লাইসেন্সের মেয়াদ ২৪/০৩/২০২২ খ্রি. তারিখ ও পজেশন সার্টিফিকেটের মেয়াদ গত ২৬/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ ছিলো। লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটটি পরবর্তী বছরে নবায়নের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট নবায়ন ফি জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলেও নবায়ন ফি জমা প্রদান করে নবায়ন করে নেয়া হয় নি।

আপনার নামে ইস্যুকৃত লাইসেন্সের শর্তাবলী সমূহের মধ্যে ক্রমিক নং- ৩ এর শর্তে স্পষ্ট উল্লেখ আছে যে, "লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০(ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০(নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে"।

সেহেতু আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের মেয়াদ ইতিমধ্যে তারিখে শেষ হয়েছে এবং পরবর্তী বছরগুলো নবায়নের ফি জমা প্রদান করেন নি সেহেতু আপনার নামে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের লাইসেন্সের ৩ নং এবং পজেশন সার্টিফিকেটের ২ নং শর্তানুযায়ী ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এতদ্বারা বাতিল করা হলো। উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুবলে কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হতে বিরত থাকার জন্য বলা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এর মূল কপি অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

০২/০৭/২৫

(এম.কে.এম. ইকবাল হোছাইন চৌধুরী)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

জনাব আলমগীর মতি
(মর্ডান এগ্রো ফার্ম)
পিতা- মৃত গোলাম মোস্তফা
গ্রাম- কলুকাঠি, পো:- মুলফৎগঞ্জ
উপজেলা- নড়িয়া, জেলা- শরীয়তপুর।

বর্তমান ঠিকানা:- সিটিএ- ১, সেঞ্চুরী টাওয়ার, মগবাজার, শান্তিনগর, রমনা, ঢাকা- ১২১৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। মহাপরিচালক, প্রাণী সম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৮। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।

প্রধান বন সংরক্ষকের কার্যালয়
রিমস্ ইউনিট
নিবন্ধন নং- ৭৫৪
তারিখ- ২৫/০৭/২৫
প্রধান / সহকারী কর্মকর্তা
কম্পিউটার প্রোগ্রামার
সহকারী বন সংরক্ষক / গবেষণা কর্মকর্তা / সহকারী কম্পিউটার প্রোগ্রামার
নক্সাকার
প্রধান সহকারী / উচ্চমান সহকারী
ফরেস্টার
অফিস সহকারী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
দ্রুত ব্যবস্থা নিন
নথিজাত করুন
উপ বন সংরক্ষক